অবতরণিকা

'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা' অর্থ বিভাগ কর্তৃক প্রতি বছর প্রকাশিত হয়। এটি জাতীয় সংসদের বাজেট অধিবেশনে অন্যান্য বাজেট ডকুমেন্টস্ এর সাথে উপস্থাপন করা হয়। সমীক্ষাটিতে দেশের সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি ও আর্থ-সামাজিক খাতসমূহের হালনাগাদ অগ্রগতির বিস্তারিত বিবরণ উপস্থাপন করা হয়।

২। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে দক্ষ সামষ্টিক অর্থনৈতিক ব্যবস্থাপনা ও যথাযথ কৌশল অবলম্বনের ফলে বাংলাদেশের অর্থনীতি কোভিড-১৯ অতিমারির প্রভাবে সৃষ্ট অর্থনৈতিক ক্ষতি কাটিয়ে ঘুরে দাঁড়িয়েছে। চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে বৈশ্বিক অর্থনীতির সাম্প্রতিক মন্থর অবস্থা বাংলাদেশের অর্থনীতিতেও প্রতিভাত হচ্ছে। তথাপি বাংলাদেশের অর্থনীতির ক্ষেত্রে ঘাত-সহনশীল ও বাস্তবধর্মী সামষ্টিক অর্থনৈতিক কৌশল ও রাজস্ব নীতি গ্রহণ করে এই অভিঘাত সফলভাবে মোকাবিলা করা হচ্ছে। সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখার লক্ষ্যে গৃহীত পদক্ষেপসমূহ সমীক্ষায় অন্তর্ভুক্ত হয়েছে।

৩। সমীক্ষাটির ৩টি অংশে মোট ১৫টি অধ্যায় এবং ৬২টি পরিসংখ্যান বিষয়ক পরিশিষ্ট রয়েছে। প্রথমতঃ সামষ্টিক অর্থনীতি অংশের ৬টি অধ্যায়ে বৈশ্বিক এবং বাংলাদেশের অর্থনীতির প্রেক্ষাপটে বর্তমান এবং নিকট ভবিষ্যতের সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির বিবরণ দেয়া হয়েছে। এই অধ্যায়গুলোতে দেশজ উৎপাদ, সঞ্চয় ও বিনিয়োগ; মূল্য, মজুরি ও কর্মসংস্থান; রাজস্ব নীতি ও ব্যবস্থাপনা; মুদ্রা ব্যবস্থাপনা ও আর্থিক বাজার উন্নয়ন এবং বহিঃখাত সংক্রান্ত বিষয়াবলী প্রাসঙ্গিক সারণি ও লেখচিত্রসহ বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। দ্বিতীয়তঃ খাতভিত্তিক অংশে অন্তর্ভুক্ত ৫টি অধ্যায়ে কৃষি, শিল্প, বিদ্যুৎ ও জ্বালানি, পরিবহন ও যোগাযোগ এবং রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলোর তথ্যাদি বিশদভাবে বর্ণনা করা হয়েছে। তৃতীয়তঃ অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়ভিত্তিক অংশের অধ্যায়গুলোতে মানবসম্পদ উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, বেসরকারি খাত উন্নয়ন এবং পরিবেশ উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিষয়াদি উপস্থাপন করা হয়েছে।

৪। অর্থ বিভাগের অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ পেশাদারিত্বের সাথে সমীক্ষাটির সংকলন, সম্পাদনা ও বিশ্লেষণ সম্পন্ন করেছে। সমীক্ষাটি যথাসময়ে প্রকাশ করায় অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সরবরাহ করে সমীক্ষাটি প্রকাশে সার্বিক সহায়তার জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি। নানাবিধ প্রতিকূলতার মধ্যে প্রণীত সমীক্ষাটিতে কিছুটা ভুল ত্রুটি থাকতে পারে। তা সত্ত্বেও প্রত্যাশা করা যায় অগণিত পাঠক, গবেষক, নীতিনির্ধারক, শিক্ষার্থী সকলের কাছে সমীক্ষাটি একটি গুরুত্বপূর্ণ তথ্যবহুল ডকুমেন্টস্ হিসেবে বিবেচিত হবে।

ফাতিমা ইয়াসমিন
সিনিয়র সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়